দৈনিক বাংলা

তারিখ 06 MAY 1987
পৃষ্ঠা ৬ কলাম ৫

২২শে বৈশাখ, ১৩৯৪

ডকুমেণ্টেশন কেন্দ্র

080

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

নং শাঃ ১১/৩-২/৮৭/৬৪১(১০০)-শিক্ষা

তারিখঃ ৭-৪-১৯৮৭ ইং
২৩-১২-১৩৯৩ বাং

## বিষয়ঃ "আইসেসকো" পিএইচডি স্কলারশীপের অধীনে মলিকুলার বায়লজী ও জেনিটিকস ইঞ্জিনীয়ারিং বিষয়ে অধ্যয়নের জন্য দরখাস্ত আহ্বান।

"আইসেসকো" স্কলারশীপের অধীনে মলিকুলার বায়লজী এবং জেনিটিকস ইঞ্জিনীয়ারিং বিষয়ে পিএইচডি পর্যায়ে পাকিস্তানে অধ্যয়নের জন্য নিম্নলিখিত যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছেঃ

প্রয়োজীয় শিক্ষাগত যোগ্যতা—সংশ্লিষ্ট বিষয়ে কমপক্ষে ২য় শ্রেণীর মাস্টার ডিগ্রীধারী হইতে হইবে এবং শিক্ষাজীবনে যেকোন পর্যায়ে অন্তত ২টি প্রথম শ্রেণী/বিভাগ থাকিতে হইবে। তৃতীয় শ্রেণী কোন অবস্থাতেই গ্রহণযোগ্য নহে।

২। চাকরিরত প্রার্থীদিগকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।

৩। যে সমস্ত প্রার্থিগণ বৈদেশিক বৃত্তির আওতায় বিদেশে অন্ততপক্ষে তিন মাস বা ততোধিক সময়ের জন্য প্রশিক্ষণ/কোর্স সমাপ্ত করার পর এখনও বাংলাদেশে পাঁচ বৎসর অবস্থান করেন নাই/বাংলাদেশে পাঁচ বৎসর চাকরি করেন নাই তাহাদের আবেদন অযোগ্য বলিয়া পরিগণিত হইবে।

৪। প্রার্থীর বয়স ১-১-৮৭ ইং তারিখের মধ্যে ৩৫ বৎসরের উর্ধ্বে হইতে পারিবে না।

৫। প্রার্থীদিগকে সাদা কাগজে নিম্নবর্ণিত বিবরণসহ আগামী ১৫-৫-১৯৮৭ ইং তারিখের মধ্যেই নিম্নস্বাক্ষরকারীর নিকট শিক্ষা সংক্রান্ত যাবতীয় কাগজপত্র যথা মার্কশীট ও সনদপত্রসহ দরখাস্ত জমা দিতে হইবে। প্রার্থিগণ বাংলাদেশ সচিবালয়ের ২য় গেইটে রক্ষিত কাঠের বাক্সেও দরখাস্ত জমা দিতে পারিবেন।

### দরখাস্ত ফরম

১। নাম (স্পষ্ট অক্ষরে) :
২। পিতার নাম/স্বামীর নাম :
৩। (ক) জন্ম তারিখ :
(খ) ১-১-৮৭ ইং তারিখে প্রকৃত বয়স :
৪। যোগাযোগের ঠিকানা :
৫। স্থায়ী ঠিকানা :
৬। শিক্ষাগত যোগ্যতা :

| পাসকৃত পরীক্ষার নাম | পাসের সন | বিভাগ/ক্লাস | অবস্থান (যদি থাকে) | গড়পড়তা পরীক্ষায় প্রাপ্ত নম্বর |
|---|---|---|---|---|

৭। যে প্রতিষ্ঠানে বর্তমানে কর্মরত আছেন তাহার নাম ও ঠিকানা (যেখানে প্রযোজ্য)।
৮। অভিজ্ঞতা (যেখানে প্রযোজ্য) :

| বর্তমানে যে পদে বহাল আছেন | বর্তমান পদে চাকরিতে যোগদানের তারিখ ও চাকরির বয়স | সর্বমোট চাকরির বয়স |
|---|---|---|

৯। যে বিষয়ের জন্য প্রার্থী হইয়াছেন
তারিখসহ প্রার্থীর দস্তখত

(তারাচরণ চাকমা)
উর্ধ্বতম সহকারী সচিব

ডিএফপি(স)—১১৯১৮(২)৩/৫ জি—১৬৫৩